

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

[আইন-২ অধিশাখা]

www.lgd.gov.bd

স্মারক নং- ৪৬.০২১.০০৪.০১.০০.২৭১.২০১৭-৫৬

তারিখঃ ১৯ জুলাই ২০১৭
৪ শ্রাবণ ১৪২৪

বিষয়ঃ রীট পিটিশন নং-৬৯৪৯/২০১৭ পিটিশনার মোসাঃ খুর্শিদা বেগম, জং-হাফিজুর মোল্লা, মহিলা ভাইস-চেয়ারম্যান, মোল্লাহাট উপজেলা পরিষদ, জেলাঃ বাগেরহাট - বনাম - সরকার ও অন্যান্য।

সূত্রঃ সহকারী রেজিস্ট্রার কর্তৃক ০৪.০৬.২০১৭ তারিখে প্রেরিত বাংলাদেশ সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগের ২৯.০৫.২০১৭ তারিখের আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, বাগেরহাট জেলার মোল্লাহাট উপজেলা পরিষদের মহিলা ভাইস-চেয়ারম্যান মোসাঃ খুর্শিদা বেগমকে তাঁর পদ থেকে অপসারণ সংক্রান্ত প্রজ্ঞাপন চ্যালেঞ্জ করে স্থানীয় সরকার বিভাগের সচিবসহ ৬ জনকে প্রতিপক্ষ করে এই রীটটি দায়ের করা হয়েছে। মাননীয় হাইকোর্ট বিভাগ শুনানী অন্তেঃ মোল্লাহাট উপজেলা পরিষদের মহিলা ভাইস-চেয়ারম্যান এর অপসারণ আদেশ কেন আইনগত কর্তৃত্ব বহির্ভূত ঘোষণা করা হবেনা সে মর্মে প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দিয়েছেন এবং তর্কিত অপসারণ আদেশটি আদেশের তারিখ থেকে পরবর্তী ৩ (তিন) মাসের জন্য স্থগিত করেছেন। মাননীয় আদালতের আদেশ মোতাবেক কারণ দর্শানোর জবাব নির্ধারিত সময়ের মধ্যে প্রস্তুত/প্রেরণ করা সম্ভব হয়নি।

২. এমতাবস্থায়, ১নং প্রতিপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ওকালতনামা এতদসঙ্গে প্রেরণ পূর্বক জবাব দাখিল ও বর্ধিত সময় মঞ্জুরসহ মামলায় প্রতিদ্বন্দ্বিতার যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য তাঁকে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তঃ বর্ণনামতে ১ (এক) ফর্দ।

(মুহাম্মদ আনোয়ার পাশা)

উপসচিব

ফোনঃ +৮৮০২-৯৫৪০১৯৭

e-Mail: dslaw2.lgd.gov@gmail.com

বিজ্ঞ সলিসিটর

সলিসিটর উইং

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

বাংলাদেশ সুপ্রীমকোর্ট প্রাঙ্গন, ঢাকা।

সদয় অবগতি/কার্যার্থে অনুলিপিঃ

১. বিজ্ঞ এটর্নী জেনারেল অব বাংলাদেশ, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা।
২. যুগ্মসচিব (উপজেলা), স্থানীয় সরকার বিভাগ।
৩. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. অফিস কপি/মাস্টার কপি।